# ROTAZIN

**Cetirizine Dihydrochloride**

## COMPOSITION

**Rotazin** Tablet: Each film coated tablet contains Cetirizine Dihydrochloride BP 10 mg.

## PHARMACOLOGY

Cetirizine Dihydrochloride is a potent H1 receptor antagonist without any significant anticholinergic and antiserotonic effects. At pharmacologically active dose levels, it has almost no drowsiness effect and does not cause behavioral changes. It inhibits the histamine-mediated early phase of the allergic reaction and also reduces the migration of inflammatory cells and the release of mediators associated with the late phase of the allergic reaction.

## INDICATION

**Rotazin** is indicated for the treatment of various allergic disorders including seasonal rhinitis, conjunctivitis, perennial allergic rhinitis, pruritus and urticaria.

## DOSAGE AND ADMINISTRATION

**Rotazin** is administered with or without food.

**Adults and Children over 6 years**: 1 tablet daily.

Note: In patients with reduced creatinine clearance (<31 ml per min.) and with hepatic impairment, a dose of 5 mg once a day is recommended.

## CONTRAINDICATION

Cetirizine is contraindicated in patients who have shown hypersensitivity, idiosyncrasy to it or its parent compound, Hydroxyzine.

## PRECAUTION

Caution should be exercised when driving a car or operating a heavy machinery.

## SIDE EFFECT

Cetirizine has little or no effect on psychomotor function with the incidence of sedation being similar to that of placebo. There have been occasional reports of mild and transient side effects such as drowsiness, headache, dizziness, agitation, dry mouth and gastrointestinal discomfort.

## USE IN PREGNANCY AND LACTATION

Pregnancy category B. Cetirizne should be used in pregnancy only if clearly needed. Cetirizine has been reported to excreted in human milk and thus use of cetirizine in lactating mother is not recommended.

## DRUG INTERACTION

There are no known interactions of cetirizine with other drug till to date. Nevertheless caution should be excercised with concomitant use of sedatives.

## STORAGE

Do not store above 30°C, protect from light & moisture. Keep out of the reach of children.

## PACKAGING

**Rotazin** Tablet: Each box contains 6x10 tablets blister pack.

Manufactured by
**National Drug Co. Ltd.**
Bangalpara, Dhamrai, Dhaka.

# রোটাজিন

**সেটিরিজিন ডাইহাইড্রোক্লোরাইড**

## উপাদান

**রোটাজিন** ট্যাবলেটঃ প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে সেটিরিজিন ডাইহাইড্রোক্লোরাইড বিপি ১০ মি.গ্রা. ।

## ফার্মাকোলজি

সেটিরিজিন ডাইহাইড্রোক্লোরাইড একটি শক্তিশালী H1 রিসেপ্টর এন্টাগোনিস্ট । এটির কোন গুরুত্বপূর্ণ কোলিনার্জিক বা সেরেটোনার্জিক বিরোধী কাজ নেই । ফার্মাকোলোজিক্যাল মাত্রায় এটি কোন ধরনের ঝিমুনি তৈরী করে না বা আচরণগত কোন পরিবর্তন তৈরী করে না । এটি হিস্টামিনজনিত এলার্জির প্রাথমিক লক্ষণগুলো বন্ধ করে, প্রদাহ তৈরীকারী কোষের বিচরণ হ্রাস করে এবং এলার্জির শেষ ধাপের লক্ষণগুলোর জন্য দায়ী রাসায়নিক উপাদানগুলোর পরিমাণ হ্রাস করে ।

## নির্দেশনা

বিবিধ এলার্জিক ব্যাধি যেমনঃ সিজনাল রাইনাইটিস ও কনজাংটিভাইটিস, পেরেনিয়াল এলার্জিক রাইনাইটিস, চুলকানি, আর্টিকারিয়া প্রভৃতির চিকিৎসায় সেটিরিজিন ব্যবহৃত হয় ।

## মাত্রা ও সেবনবিধি

রোটাজিন খাওয়ার আগে অথবা পরে সেবন করা যায় ।

প্রাপ্ত বয়স্ক ও ৬ বৎসর বয়সোর্ধ্ব রোগীদের জন্যঃ দৈনিক ১ টি ট্যাবলেট মুখে সেব্য ।

দ্রষ্টব্য: যে সকল রোগীদের ক্রিয়েটিনিন ক্লিয়ারেন্স হ্রাস পেয়েছে (<৩১ মি.লি. প্রতি মিনিটে) এবং যাদের যকৃতের অসম কার্যকারিতা রয়েছে, তাদের ক্ষেত্রে দৈনিক ৫ মি.গ্রা. এর একটি মাত্রা মুখে সেব্য ।

## বিপরীত নির্দেশনা

সেটিরিজিন অথবা এর যৌগ হাইড্রক্সিজিন-এর প্রতি অতিসংবেদনশীল রোগীদের ক্ষেত্রে সেটিরিজিন ব্যবহার করা যাবে না ।

## সতর্কতা

গাড়ী চালানোর সময় বা ভারী যন্ত্রপাতি চালানোর সময় সতর্কতা অবলম্বন করা উচিত ।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাইকোমোটর কার্যের উপরে সেটিরিজিন এর তেমন কোনো প্রভাব নেই । যার ফলে সেটিরিজিন এর নিস্তেজকারী প্রভাব প্ল্যাসেবোর মতই । মাঝে মধ্যে কিছু মৃদ পাশ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে, যেমন: ঝিমুনি, মাথাধরা, ঘুম ঘুম ভাব, মানসিক অস্বস্তি, শুষ্ক মুখ, পেটের গন্ডগোল ইত্যাদি ।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

প্রেগন্যান্সি ক্যাটাগরি বি । সেটিরিজিন ঔষধটি গর্ভাবস্থায় কেবল সুনির্দিষ্টভাবে প্রয়োজন হলেই ব্যবহার করা উচিত । সেটিরিজিন স্তন্যদুগ্ধে নিঃসৃত হয় । যেহেতু মাতৃদুগ্ধে সেটিরিজিন নি:সৃত হয় সেহেতু স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে সেটিরিজিন ব্যবহার উচিত নয় ।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া

এখন পর্যন্ত অন্য কোনো ড্রাগ-এর সাথে সেটিরিজিন-এর ইন্টার‍্যাকশন পরিলক্ষিত হয়নি । তবুও কোনো সিডেটিভ-এর সাথে ব্যবহারের সময় সতর্কতা অবলম্বন করা উচিত ।

## সংরক্ষণ

৩০° সেন্টিগ্রেড তাপমাত্রার উপরে সংরক্ষণ থেকে বিরত থাকুন । আলো ও আর্দ্রতা থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন । শিশুদের নাগালের বাইরে রাখুন ।

## সরবরাহ

**রোটাজিন** ট্যাবলেটঃ প্রতি বাক্সে আছে ৬X১০ টি ট্যাবলেট ব্লিষ্টার প্যাকে ।

প্রস্তুতকারক
**ন্যাশনাল ড্রাগ কোঃ লিঃ**
বাঙ্গালপাড়া, ধামরাই, ঢাকা ।